

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
খালিয়াজুরী, নেত্রকোণা।
www.fisheries.khaliajuri.netrokona.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৭২৩৮.০০০.৫০১.১৮.০০০১.২৬.৬৮

তারিখ: ২৮/০৪/২০২৬ খ্রি.


কোটেশন প্রদানে অনুরোধ জ্ঞাপন (SRFQ) পদ্ধতিতে নিয়োক্ত মালামালের ক্রয়ের বিজ্ঞপ্তি:

ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (৩য় পর্যায়)-এর অর্থায়নে উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণা কর্তৃক বাস্তবায়িত ৪টি প্রদর্শনী খামারে ব্যবহারের জন্য প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী ০৪ টি অ্যারেটর, ০৪ টি সাইন বোর্ড (৩X২.৫, গাঢ় সবুজ টিনশিটের উপর সাদা লেখা), রুই জাতীয় মাছের পোনা (৬টি/কেজি) ৩০০টি; রুই জাতীয় মাছের পোনা (১০টি/কেজি) ৪০০ টি; রোটেনন ৬ কেজি, চুন ২০০ কেজি, সার ৮০ কেজি (ইউরিয়া ৪০ কেজি, টিএসপি ৪০ কেজি), শিং মাছের পিলেট খাদ্য ৭০ কেজি; পাবদা মাছের পোনা(২-৩ সে.মি.) ৫০০০টি, শিং মাছের পোনা (২-৩ সে.মি.) ২০০০ টি; শোল মাছের পোনা (৩-৪ সে.মি.) ৬০০ টি SRFQ পদ্ধতিতে ক্রয়ের নিমিত্ত ব্যয় নির্বাহের জন্য ক্রয়ের সরকারি নীতিমালা (পিপিআর-২০২৫) মোতাবেক নিম্নবর্ণিত নির্দেশনা ও সংযুক্ত বর্ণনা অনুযায়ী সরবরাহের নিমিত্তে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে Standard Request for Quotation (National) দাখিলের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে:

০১	মন্ত্রণালয়/অধিদপ্তর	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় / মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২	কোটেশন আহ্বানকারী দপ্তরের নাম	:	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণা।
০৫	কোটেশন সংগ্রহ ও দাখিলের শেষ তারিখ ও সময়	:	২৮/০৪/২০২৬ খ্রি. থেকে ৩০/০৪/২০২৬ খ্রি. ১১.০০ ঘটিকা পর্যন্ত।
০৬	কোটেশন খোলার তারিখ ও সময়	:	৩০/০৪/২০২৬ খ্রি. ১১.১৫ ঘটিকা।
০৭	কোটেশন দাখিল প্রাপ্তির স্থান	:	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণা।
	কোটেশন গ্রহণের স্থান	:	
	কোটেশন খোলার স্থান	:	
০৮	কোটেশনে অংশগ্রহণের যোগ্যতা	:	ক) ঠিকাদার/ সরবরাহকারী প্রতিষ্ঠান।

শর্তাবলী:

- আগামী ৩০ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকার মধ্যে নিয়ন্ত্রককারীর অফিস কক্ষে সরাসরি/ ডাকযোগে/ কুরিয়ার সার্ভিসের মাধ্যমে কোটেশন দাখিল করা যাবে।
- কোটেশন ফরমের প্রতি পৃষ্ঠায় দরদাতা প্রতিষ্ঠানের সিল ও স্বাক্ষর থাকতে হবে।
- দরপত্রের সহিত হালনাগাদকৃত আয়কর প্রত্যয়নপত্র, ট্রেড লাইসেন্স-এর সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- কার্যাদেশ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে উল্লিখিত সরঞ্জামাদি উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়, খালিয়াজুরী, নেত্রকোণা -এর কার্যালয়ে সরবরাহ করতে হবে।
- পোনামাছ অক্সিজেন ব্যাগে সরবরাহ করতে হবে।
- চাষীর পুকুরে অ্যারেটর সংস্থাপনের ব্যবস্থা করতে হবে যার ব্যয় এয়ারেটরের মূল্যের ভিতর অন্তর্ভুক্ত করতে হবে।
- বর্ণিত মালামালের কাজ সম্পাদন করে ০২ প্রস্থ বিল ও চালান অত্র কার্যালয়ে দাখিল করতে হবে।
- যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষের রয়েছে।
- প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্য বিল হতে আয়কর ও ভ্যাটসহ অন্যান্য সরকারি সকল পাওনা প্রযোজ্য হারে কর্তন করা হবে।



মাহবুবুর রহমান
উপজেলা মৎস্য অফিসার
খালিয়াজুরী, নেত্রকোণা।

ও

আহ্বায়ক, দরপত্র আহ্বান ও মূল্যায়ন কমিটি